রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২১, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নং ১৮.০১৬.০১৪.০০.০০.০০৪.২০১০-২১৭, তারিখ, ৫ বৈশাখ ১৪১৮/১৮ এপ্রিল ২০১১

বিষয়ঃ দেশের অভ্যন্তরে এক বন্দর থেকে অন্য বন্দরে কন্টেইনার পরিবহনের জন্য কন্টেইনার ভেসেলের প্রাপ্যতা নিশ্চিতকরণকল্পে সরকারি বেসরকারি উদ্যোক্তাদের এই ট্রেডে অংশ-গ্রহণের নীতিমালা।

১। প্রেক্ষাপট ঃ দেশে নৌ-পথে কন্টেইনার পরিবহনের তেমন সুযোগ-সুবিধা বর্তমানে বিদ্যমান নেই। চট্টগ্রাম ও মংলা বন্দরের মাধ্যমে আমদানি রপ্তানিকৃত কন্টেইনার সড়ক ও রেলপথে দেশাভ্যন্তরে পরিবাহিত হয়। নৌ-পথে কন্টেইনার পরিবহন করার জন্য এ ট্রেডে কন্টেইনার ভেসেল প্রাপ্যতা নিশ্চিতকল্পে এই নীতিমালা প্রণীত হলো।

২। কন্টেইনার বহরের উন্নয়ন ঃ

(ক) নৌ-পরিবহন মন্ত্রণালয় দেশে কন্টেইনার পরিবহনের জন্য ভেসেলের মোট চাহিদার একটি অংশ বেসরকারি উদ্যোক্তাগণের জন্য এবং একটি অংশ বিআইডব্লিউটিসি'র জন্য সংরক্ষণ করবে।

(খ) সরকারি সংস্থা বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব তহবিল অথবা সরকারি বরাদ্দের মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক কন্টেইনার ভেসেল সংগ্রহ করতে পারবে।

(গ) নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পূর্বানুমোদন ব্যতীত কন্টেইনার ভেসেল তৈরী/আমদানি করা যাবে না।

৩। কন্টেইনার ভেসেলের সংখ্যা নির্ধারণ ঃ দেশে পানগাঁওসহ অনেকগুলো সরকারি/বেসরকারি কন্টেইনার টার্মিনাল নির্মাণাধীন আছে। অবিলম্বে এ সকল কন্টেইনার টার্মিনালে অপারেশনাল কার্যক্রম শুরু হবে। এ বিষয়টি বিবেচনায় রেখে নৌ-পরিবহন মন্ত্রণালয় নিজস্ব বিবেচনায় কন্টেইনার ভেসেলের সংখ্যা নির্ধারণ করবে।



মূল্যঃ ২.০০

৪। বেসরকারি উদ্যোক্তা নির্বাচন পদ্ধতি ঃ

(ক) নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞাপন আহ্বানের প্রেক্ষিতে এ খাতে বিনিয়োগে আগ্রহী বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠান নৌ-পরিবহন মন্ত্রণালয়ে আবেদনপত্র দাখিল করবেন।

(খ) বিনিয়োগকারীকে যথাসময়ে বিনিয়োগের গ্যারান্টি হিসেবে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত Performance গ্যারান্টি প্রদান করতে হবে।

(গ) নির্দিষ্ট সময়ে বিনিয়োগে ব্যর্থ হলে Performance গ্যারান্টি বাজেয়াপ্তপূর্বক সরকারি কোষাগারে জমা করা হবে।

(ঘ) আবেদনের সাথে নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত পরিমাণ টাকার অফেরতযোগ্য পে-অর্ডার সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় এর অনুকূলে জমা দিতে হবে।

(ঙ) কন্টেইনার ভেসেলের অনুমতিপত্র হস্তান্তরযোগ্য হবে না।

৫। কন্টেইনারবাহী জাহাজের মান নিয়ন্ত্রণ ও নিবন্ধন ঃ

(ক) প্রস্তাবিত কন্টেইনার ভেসেল International Association of Classification Society (IACS) এর সদস্য Classification Society এর অধীনে নির্মিত হতে হবে।

(খ) কন্টেইনার ভেসেলসমূহ নৌ-বাণিজ্য অধিদপ্তর কর্তৃক MSO এর অধীনে কন্টেইনার পরিবাহী জাহাজ হিসেবে নিবন্ধিত হতে হবে।

(গ) কন্টেইনার ভেসেলসমূহ MSO এর বিধান অনুসারে Classification Society কর্তৃক বার্ষিক Load Line সার্ভে সম্পন্ন করে Load Line সনদ গ্রহণ/নবায়ন করবে। উক্ত সনদ পাবার পর নৌ-বাণিজ্য অধিদপ্তর MSO এর বিধান অনুসরণে সার্ভে সনদ প্রদান করবে এবং চলাচলের অনুমতি প্রদান করবে।

৬। বেসরকারি খাতে বিনিয়োগকারী নির্বাচনের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাবলী ঃ

নিম্নোক্ত ক্রাইটেরিয়াসমূহ বিবেচনা করে কন্টেইনার ভেসেল অনুমোদনকারী কমিটি বেসরকারি বিনিয়োগকারী নির্বাচন করবে ঃ

(ক) বিনিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের টিআইএন সনদপত্র এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।

(খ) বিনিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নৌ-পরিবহন ব্যবসায় অভিজ্ঞতার সনদপত্র থাকতে হবে।

(গ) বিনিয়োগকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কোন ব্যাংক কর্তৃক এ ব্যবসায় বিনিয়োগের জন্য সচ্ছল বলে ঘোষিত হতে হবে।

(ঘ) যৌথ মূলধনী কোম্পানীর ক্ষেত্রে Memorandum of Association ও Article of Association এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭। কন্টেইনার ভেসেল অনুমোদন কমিটি ঃ

৭.১। বেসরকারি কন্টেইনার ভেসেল অনুমোদনের জন্য নৌ-পরিবহন মন্ত্রণালয়ে নিম্নরূপ একটি কমিটি থাকবে ঃ

(১) মাননীয় মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় - সভাপতি

(২) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় - সদস্য

(৩) চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ - সদস্য

(৪) চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি - সদস্য

(৫) চেয়ারম্যান, সকল সমুদ্র বন্দর - সদস্য

(৬) মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর - সদস্য-সচিব

৭.২। কমিটির কার্যপরিধি (TOR) ঃ

(ক) কমিটি নৌ-পরিবহন মন্ত্রণালয়ে দাখিলকৃত আবেদনপত্র যাচাই-বাছাই করে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক বিনিয়োগকারী নির্বাচনপূর্বক অনুমোদন প্রদান করবে।

(খ) কন্টেইনার ভেসেলের সংখ্যা নির্ধারণ করবে।

(গ) ভেসেলের ধারণ ক্ষমতা নির্ধারণ করবে।

(ঘ) ভাড়ার হার নির্ধারণ এবং পুনঃনির্ধারণ করবে।

(ঙ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৮। এ নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে। গত ২৭ এপ্রিল, ২০১০ তারিখে জারিকৃত "পানগাঁও কন্টেইনার টার্মিনাল নির্মাণ শেষে প্রয়োজনীয় সংখ্যক কন্টেইনার ভেসেলে প্রাপ্যতা নিশ্চিতকরণকল্পে সরকারি-বেসরকারি উদ্যোক্তাদের এই ট্রেডে অংশগ্রহণের নীতিমালাটি" এতদ্বারা প্রতিস্থাপিত করা হলো। তবে উক্ত নীতিমালার আওতায় বর্তমান নীতিমালা কার্যকর হবার পূর্ব পর্যন্ত গৃহীত কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।

মোঃ আব্দুল কুদ্দুছ
যুগ্ম-সচিব (বাণিজ্যিক)।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd